JAN 18 2001

দৈনিক ইত্তেফাক

# জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনার্স পরীক্ষার কেন্দ্র পরিবর্তনের প্রতিবাদে বিক্ষোভ

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার** ॥ জাতীয় বিশ্ববিদ্যালয় ঘোষিত অনার্স পরীক্ষার কেন্দ্র পরিবর্তনের প্রতিবাদে এবং কম্প্রিহেনসিভ পরীক্ষা বাতিলের দাবীতে গতকাল বুধবার ঢাকা কলেজ, জগন্নাথ কলেজ, মীরপুর বাংলা কলেজ এবং তিতুমীর কলেজের পরীক্ষার্থীরা পৃথক পৃথকভাবে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করিয়াছে। ঢাকা

## জাতীয় বিশ্ববিদ্যালয়

(শেষ পৃষ্ঠার পর)

কলেজের শিক্ষার্থীরা দুপুর সাড়ে ১২টায় কলেজের সম্মুখে মিছিল বাহির করিলে পুলিশ তাহাদের বাধা দেয়। এ সময় পুলিশ ঐ এলাকায় সকল প্রকার পরিবহন চলাচল বন্ধ করিয়া দেয়।

পুলিশের ব্যারিকেডে ঢাকা কলেজ সংলগ্ন মীরপুর রোড, সায়েন্স ল্যাবরেটরী, এ্যালিফেন্ট রোড, নিউমার্কেট, কাঁটাবন, হাতিরপুল, নীলক্ষেত এবং শাহবাগ এলাকায় যানজট ভয়াবহ আকার ধারণ করে। প্রায় ১ ঘন্টা ছাত্ররা রাস্তার উপর মিছিল-সমাবেশ করে। ছাত্ররা এ সময় ৩টি টায়ার আগুন দিয়া পোড়াইয়া দেয়।

একই দাবীতে পরীক্ষার্থীরা আজ বৃহস্পতিবার মিছিল-সমাবেশ করিবে।